দৈনিক

তারিখ 05 MAR 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

# মায়ের পা ধুয়ে দিচ্ছে স্কুলের শিশুরা

**সৈয়দ মুরাদুল ইসলাম, গোপালগঞ্জ ●**

'মা-গো তোমার চরণ তলে' শীর্ষক অনুষ্ঠানে শিশুরা মায়ের পা ধুয়ে দিয়েছে। গতকাল শনিবার জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রাথমিক শিক্ষা অফিস এ অনুষ্ঠানের আয়োজন করে। একযোগে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত জেলার ৫ উপজেলার ৮৪৯টি প্রাথমিক বিদ্যালয়ের ১ লাখ ৫২ হাজার শিশু মায়ের চরণ ধুয়েমুছে দেয়। মাতা-পিতা, শিক্ষক ও গুরুজনে শ্রদ্ধা ভক্তির প্রায়োগিক শিক্ষা প্রদানের জন্য এ কর্মসূচির আয়োজন করা হয়েছে বলে আয়োজকরা জানিয়েছে।

এ দিন গোপালগঞ্জ শহরের এসএম মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রধান অতিথি জেলা প্রশাসক মোহাম্মদ মোখলেসুর রহমান। স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি মো. রফিকুল ইসলাম মিটুর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মাসুদ ভূঁইয়া, স্কুলের প্রধান শিক্ষক কাজী ইদ্রিস আলী, অভিভাবক বনানী বিশ্বাস, বিথীকা হীরা, শিক্ষার্থী মুসলিমা সুলতানা, আরিয়ান মঙ্গনসহ আরও অনেকে বক্তব্য রাখেন।

শিক্ষার্থী মুসলিমা সুলতানা ও আরিয়ান মঙ্গন বলে, পৃথিবীতে মায়ের মতো আপন কেউ নেই। মায়ের পায়ের নিচে সন্তানের বেহেশত। এ বয়সে আমরা মায়ের সঙ্গে বেশি সময় কাটাই। তাই মায়ের প্রতি আমাদের ভালবাসা একটু বেশি। এ বন্ধন অটুট রাখবে এ অনুষ্ঠান।

অভিভাবক বনানী বিশ্বাস বলেন, আমাদের ছেলেমেয়েরা শ্রদ্ধা-ভক্তির পাশাপাশি সুশিক্ষা গ্রহণ করে আদর্শ মানুষ হবে। জাতীয় গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক পর্যায়ে অবদান রাখবে।

স্কুলের প্রধান শিক্ষক কাজী ইদ্রিস আলী বলেন, এটি একটি মহৎ উদ্যোগ। এটি অব্যাহত থাকলে ছেলেবেলা থেকে শিশুরা নৈতিক শিক্ষা পেয়ে মা-বাবার প্রতি সঠিক দায়িত্ব কর্তব্য পালন করবে বলে আমি বিশ্বাস করি।

গোপালগঞ্জের জেলা প্রশাসক মো. মোখলেসুর রহমান বলেন, ভালো মানুষ তৈরির জন্য 'মা-গো তোমার চরণ তলে' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এতে শিশুদের কচি মনে রেখাপাত করবে। তারা নিয়মনিষ্ঠ আদর্শ নাগরিক হিসেবে গড়ে উঠবে বলে আশাবাদ ব্যক্ত করছি। আমরা প্রতিবছরই এ অনুষ্ঠানের আয়োজন করব।